যুগান্তর

তারিখ ... 24 APR 2018 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

# গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২য় সেমিস্টার পরীক্ষা স্থগিত

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মঙ্গলবার থেকে অনুষ্ঠেয় গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ডিপ্লোমা কোর্সের দ্বিতীয় সেমিস্টারের পরীক্ষা এক মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে রুল জারি করেছেন আদালত। সোমবার বিচারপতি এফআরএম নাজমুল আহাসান ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

বগুড়ার এসবি সায়েন্দ অ্যান্ড টেকনোলজি কলেজের অধ্যক্ষ আল ফারাবি মো. নুরুল ইসলাম ও কয়েকজন শিক্ষার্থীর করা আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন আদালত। আদালতে আবেদনকারীর পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট শেখ সিরাজুল ইসলাম। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষে ছিলেন ব্যারিস্টার শামীম আজিজ এবং রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নুশরাত জাহান।

বগুড়ার এসবি সায়েন্স অ্যান্ড টেকনোলজি কলেজের অধ্যক্ষ আল ফারাবি মো. নুরুল ইসলাম রোববার ল' রিপোর্টার্স ফোরাম (এলআরএফ) কার্যালয়ে সংবাদ সম্মেলনে অভিযোগ করেন, ১৯৯৯ সালে কলেজটি প্রতিষ্ঠিত হয়। এর পর থেকে ১৫টি ব্যাচ পরীক্ষায় অংশ নিয়েছে। কলেজ অনুমোদন থাকা সত্ত্বেও ২০১৭ সালে হঠাৎই জাতীয় বিশ্ববিদ্যাঙ্গয় কলেজের অনলাইন কোড বন্ধ করে দেয়। এর বিরুদ্ধে রিট আবেদন করা হলে আদালত পরীক্ষার্থীদের নিবন্ধনপত্র ও প্রবেশপত্র দিয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিতে নির্দেশ দেন। এ নির্দেশের পর জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজটির আড়াইশ' শিক্ষার্থীকে পরীক্ষার সুযোগ দেয়ার আশ্বাস দেন। সূচি অনুযায়ী ২৪ এপ্রিল থেকে এ কোর্সের পরীক্ষা শুরু হচ্ছে। কিন্তু দেশের অপরাপর কলেজকে নিবন্ধনপত্র ও প্রবেশপত্র দেয়া হলেও আমাদের কলেজের আড়াইশ' শিক্ষার্থীকে নিবন্ধনপত্র ও প্রবেশপত্র দেয়া হয়নি। এ কারণে বিষয়টি হাইকোর্টের নজরে আনতে আবেদন করা হয়। আবেদনে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার নির্দেশনা চাওয়া হয়।